গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

জাতীয় মহিলা সংস্থার ২০২৩-২০২৪ অর্থ বছরের APA কর্মপরিকল্পনার আওতায় 'সেবা প্রদান প্রতিশ্রুতি' বিষয়ে স্টেকহোল্ডারদের অংশগ্রহণে অবহিতকরণ সভা।

সভার তারিখ: ২১/১২/২০২৩, সময়: সকাল: ১০.০০ ঘটিকা।

সভাপতি: সৈয়দা মেহেরুন নেছা কবীর
পরিচালক (উপসচিব)
জাতীয় মহিলা সংস্থা।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অংশগ্রহণকারী জাতীয় মহিলা সংস্থার কর্মকর্তা এবং স্টেকহোল্ডারদের 'সেবা প্রদান প্রতিশ্রুতি' সম্পর্কে অবহিতকরণ বিষয়ে আলোচনা করার পদক্ষেপ গ্রহণ করা হয়।।

গত ২১/১২/২০২৩ তারিখ সকাল: ১০.০০ ঘটিকায় জাতীয় মহিলা সংস্থার ৫ম তলা সভাকক্ষে সংস্থার ২০২৩-২০২৪ অর্থ বছরের APA কর্মপরিকল্পনার আওতায় 'সেবা প্রদান প্রতিশ্রুতি' বিষয়ে স্টেকহোল্ডারদের অংশগ্রহণে 'সেবা প্রদান প্রতিশ্রুতি' জনসচেতনতা বৃদ্ধিকরণ সভা অনুষ্ঠিত হয়। সভায় অংশগ্রহণকারী উদ্যোক্তাদের ভবিষ্যতে ব্যবসায় আরো অধিকতর লাভজনক এবং আয়বর্ধনশীল করার জন্য এই সভার আয়োজন করা হয়।

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১। | উদ্যোক্তাদের উৎপাদিত পন্যের প্রদর্শণীর ব্যবস্থা সম্পর্কিত বিষয়াদি | সভায় উদ্যোক্তারা তাঁদের উৎপাদিত পন্য প্রদর্শণীর জন্য জাতীয় মহিলা সংস্থার আঙ্গিনায় আরো বেশী মেলা আয়োজনের অনুরোধ করেন। | আরো বেশী করে মেলা আয়োজন করার বিষয়ে আশ্বস্ত করা হয়। |
| ০২। | উদ্যোক্তাগণের অভিমত | (ক) উদ্যোক্তাগণ (প্রশিক্ষণার্থী) জানান যে, তারা জাতীয় মহিলা সংস্থা এবং সংস্থার অধীনে বিভিন্ন প্রকল্প হতে প্রশিক্ষণ গ্রহণ শেষে নিজ উদ্যোগে কাজ করেন এবং আর্থ সামাজিকভাবে স্বাবলম্বী হয়েছেন। | উদ্যোক্তাগণকে সর্বাত্মক সহযোগিতা করা হবে বলে সংস্থার পরিচালক মহোদয় উদ্যোক্তাগণকে অবহিত করেন। |
| | | (খ) প্রশিক্ষণার্থী শামা তাহমিন হায়াত জানান যে, তিনি জাতীয় মহিলা সংস্থার ব্লক বাটিক প্রশিক্ষণ গ্রহন করেছেন এবং পরবর্তীতে তিনি উদ্যোক্তা হয়েছেন। উদ্যোক্তাগণ নিজের উৎপাদিত পন্য বিভিন্ন মেলায়, স্টল নিয়ে বিক্রয় করে উন্নতি লাভ করতে পারবেন বলে আশাবাদ ব্যক্ত করেন। পন্যের বিক্রয় মূল্য ক্রেতাদের ক্রয় ক্ষমতা বিবেচনা করে নির্ধারণ করলে বেশি বিক্রয়ের মাধ্যমে বেশি মুনাফা অর্জন সম্ভব হবে। ব্যবসায় ব্যয়কৃত টাকা কি ভাবে লাভজনক করা যায় এ বিষয়েও আলোচনা করেন। | |
| | | (গ) খোদেজা বেগম জানান যে, তিনি খাদ্য প্রস্তুত ও প্রক্রিয়াকরন প্রশিক্ষণের উদ্যোক্তা জানান যে, তিনি গত ২০১৭ সনে ফুড প্রসেসিং এবং ক্যাটারিং এ প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি প্রশিক্ষণ গ্রহণ করে ৩,০০০/- (তিন হাজার) টাকা মূলধন নিয়ে ব্যবসা শুরু করেন এবং বর্তমানে ১০ লক্ষ টাকার ব্যবসায়ে নিয়োজিত আছেন। তার ব্যবসা পরিচালনার জন্য বিভিন্ন মেশিনারিজও রয়েছে। এ সবই সম্ভব হয়েছে জাতীয় মহিলা সংস্থার কল্যাণে, কারন তিনি জাতীয় মহিলা সংস্থা হতে হাতে কলমে প্রশিক্ষণ ও অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প থেকে ব্যবসায় ব্যবস্থাপনার বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। বর্তমানে তিনি লাইফ | |

| | | | |
|---|---|---|---|
| | | বেকারী চালু করেছেন। তিনি অন্যান্য বেকারী থেকে পরামর্শ গ্রহণ করে ব্যবসা পরিচালনা করেন এবং মেশিনারিজসহ অন্যান্য বিষয়ে অবহিত হয়েছেন। ফুড প্রসেসিংসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হলে উদ্যোক্তাগণ আরো উপকারী হবে বলে তিনি জানান।<br><br>(ঘ) উদ্যোক্তা সাবিনা ইয়াসমিন, খাদ্য প্রস্তুত ও প্রক্রিয়াকরন প্রশিক্ষণের উদ্যোক্তা জানান যে, তিনি শিশুদের জন্য খাদ্য উৎপাদন করেন। তিনি উক্ত খাদ্য বিক্রয় করে অনেক লাভবান হয়েছেন।<br><br>(ঙ) উদ্যোক্তা নুসরাত জাহান, সেলাই ও এমব্রয়ডারি প্রশিক্ষণের উদ্যোক্তা জানান যে, তিনি জাতীয় মহিলা সংস্থা থেকে প্রশিক্ষণ গ্রহণ করে ভালো একজন উদ্যোক্তা হয়েছেন। তিনি নিজেও অনেককে প্রশিক্ষণ প্রদান করেছেন | |
| ০৩। | উদ্যোক্তাদের জন্য জাতীয় মহিলা সংস্থা সংস্থার ঋণ কার্যক্রম চালুকরণ সম্পর্কিত আলোচনা | (ক) উদ্যোক্তা সেলিনা হায়াত, ব্লক বাটিক ও স্ক্রীন প্রিন্ট প্রশিক্ষণের উদ্যোক্তা জানান যে, তিনি জাতীয় মহিলা সংস্থা থেকে প্রশিক্ষণ গ্রহণ করে নিজের উৎপাদিত পন্য বিক্রয় করে লাভবান হয়েছেন। তিনি উদ্যোক্তাদের জন্য জাতীয় মহিলা সংস্থা কর্তৃক ঋণ কার্যক্রম চালুকরনের জন্য অনুরোধ করেন।<br><br>(খ) উদ্যোক্তা রেবেকা সুলতানা (মালিবাগ),খাদ্য প্রস্তুত ও প্রক্রিয়াকরন প্রশিক্ষণ গ্রহণ করে এখন তিনি উদ্যোক্তা হয়েছেন। তিনি জাতীয় মহিলা সংস্থা থেকে প্রশিক্ষণ গ্রহণ করে এখন উন্নয়ন করতে পারেন। তিনি অনলাইনে ও দোকানে খাদ্য বাজারজাত করেন বলে জানান। জাতীয় মহিলা সংস্থা থেকে ঋণ প্রদান করা হলে তিনি উদ্যোক্তা হিসেবে আরো সফল হবেন বলে মনে করেন।<br>এ বিষয়ে উপপরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় জানান যে, সার্টিফিকেট জমা দিয়ে ঋণ গ্রহণ করা সম্ভব। | উদ্যোক্তাগণকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হবে। |
| ০৪। | ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা | প্রশিক্ষক (কম্পিউটার) জামস জানান যে, উদ্যোক্তাদের উৎপাদন করা পন্যগুলোকে জাতীয় মহিলা সংস্থার ওয়েবসেইটের মাধ্যমে প্রচারণা করা যেতে পারে। এতে জাতীয় মহিলা সংস্থার উদ্যোক্তাদের উৎপাদিত পন্যসমূহ সম্পর্কে সকলে অবহিত হতে পারবে। | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায়, সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সৈয়দা মেহেরুন নেছা কবীর)
পরিচালক (উপসচিব)
জাতীয় মহিলা সংস্থা
ফোন: ৯৩৩৩৮৩৩।

বিতরন: <u>জেষ্ঠ্যতার ক্রম অনুসারে নহে।</u>

০১। পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।
০২। উপপরিচালক (সকল), জামস।
০৩। সহকারী পরিচালক (অর্থ), জামস।
০৪। হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রকাশনা কর্মকর্তা/মূল্যায়ন কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা/প্রকল্প কর্মকর্তা, জামস।
০৫। জেলা নির্বাহী অফিসার/জেলা কর্মকর্তা, জামস।
০৬। প্রশিক্ষক, ব্লক বাটিক ও স্ক্রীন প্রিন্ট/সেলাই ও এমব্রডারি/খাদ্য প্রস্তুত ও প্রক্রিয়াকরন প্রশিক্ষণ কেন্দ্র, জামস।
০৭। পি,এ টু চেয়ারম্যান/নির্বাহী পরিচালক, জামস।